

ক্যাম্পাস

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য আতিয়ার রহমান

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৯ জানুয়ারি ২০২৫, ১৬: ২৯

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রাবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) প্রাগরসায়ন ও অগুপ্রাগবিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. আতিয়ার রহমান। আজ বৃহস্পতিবার (৯ জানুয়ারি) রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা থেকে এ প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে রাঙ্গামাটি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী মো. আতিয়ার রহমান রাবিপ্রবির উপাচার্য পদে পাঁচ শর্তে নিয়োগ দেওয়া হলো। এসব শর্তের মধ্যে রয়েছে—

১. উপাচার্য পদে তাঁর নিয়োগ যোগদানের তারিখ হতে ৪ বছর হবে
 ২. উপর্যুক্ত পদে তিনি তাঁর বর্তমান পদের সম্পরিমাণ বেতন-ভাতাদি প্রাপ্ত্য হবেন
 ৩. তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্য সুবিধা ভোগ করবেন
৪. তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন
৫. রাষ্ট্রপতি ও চ্যানেলর প্রয়োজনে যেকোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের সরকার পতনের পর দ্বিতীয় উপাচার্য সেলিনা আখতারের পদত্যাগের পর প্রায় পাঁচ মাসের মাথায় নতুন উপাচার্য পেল রাস্মামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

